



নিউব্লোন

-একটি আন্তর্জাতিক মানসমতুল্য বিদ্যালয়-

সম্মানিত অভিভাবকবৃন্দ,

আসুসালামু-আলাইকুম। আপনাদের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান করোনা পরিস্থিতিতে শিক্ষার্থীদের শিক্ষাকার্যক্রমকে চালিয়ে নেয়ার জন্য আমরা শিক্ষার আলোকবর্তিকা সবার দোরগোড়ায় পৌছে দেয়ার মহান কর্তব্যে নিয়োজিত। সেই পরিত্র দায়িত্ব বোধের জায়গা থেকে, আপনারা সবাই অবগত আছেন যে, করোনা ভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়ার আশংকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটির আওতায় সেই শুরু থেকে আমাদের প্রিয় শিক্ষার্থীদের জন্য আমাদের স্কুলের ওয়েবসাইট, ফেসবুক পেইজ ও অন্যান্য সামাজিক যোগাযোগের অ্যাপ্সগুলোর মাধ্যমে নিয়মিত ও নিরলসভাবে পাঠ পরিকল্পনা, বিষয়ভিত্তিক হ্যান্ডনোট ও অন্যান্য শিক্ষাউপকরণ প্রকাশ করে যাচ্ছি এবং Zoom এর মাধ্যমে (১ম-১০ম) শ্রেণির গুরুত্বপূর্ণ বিষয়গুলোর উপর নিয়মিতভাবে অনলাইন শিক্ষাকার্যক্রম চালিয়ে যাচ্ছি। তাছাড়া, সকল শ্রেণির শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে আমাদের শিক্ষকমণ্ডলীগণ নিয়মিত ভাবে যোগাযোগ করে আসছেন। এছাড়াও আমরা আমাদের স্কুলের YouTube Channel ‘**New Blown An Int'l Standard School**’ এর মাধ্যমে বিভিন্ন শিক্ষামূলক ও বিষয়ভিত্তিক টিউটোরিয়াল তৈরি করে তার মাধ্যমেও আমাদের সুপ্রিয় শিক্ষার্থীদের শিক্ষাকার্যক্রম চালিয়ে যাচ্ছি। যা এক যুগান্তকারী সিদ্ধান্ত বলে আমরা মনে করি। আমরা বিশ্বাস করি, এই কার্যক্রম চালিয়ে নিতে আমাদের শিক্ষক/ ছাত্র/ অভিভাবকদের সকলের অত্যন্ত পরিশ্রম করতে হচ্ছে। আমরা মনে করি, শিক্ষকের সাথে শিক্ষার্থীর মেলবন্ধন যত থাকবে শিক্ষার্থীরা তত বেশি উপকৃত হবেন।

প্রিয় অভিভাবকবৃন্দ,

বর্তমান এই মহামারীর মধ্যে সামাজিক দূরত্ব-ই এই রোগের একমাত্র প্রতিষেধক। এই সংকটময় পরিস্থিতিতে করোনা সংক্রমণ হতে সুরক্ষার লক্ষ্যে অভিভাবকবৃন্দ যেন অতি সহজেই এবং অল্প সময়েই ঘরে বসেই আপনার মোবাইলে সন্তানের মাসিক বেতন সহ যে কোন Payment পরিশোধ করতে পারেন সে কারণে New Blown চালু করেছে Online Payment System. আপনাদের স্ব- স্ব মোবাইলে মেসেজ পাঠানো হয়েছে। আপনাদের সন্তানদের বকেয়া বেতন অনলাইনে পরিশোধের জন্য। আপনাদের সবার নিকট এই বিষয়ে বিবেচনাপ্রসূত সহযোগিতা কামনা করছি। এছাড়াও বকেয়া বেতন আমাদের ওয়েবসাইটের মাধ্যমে কিভাবে পরিশোধ করবেন সেই সংক্রান্ত একটি “Online Payment Tutorial” ভিডিও আমাদের ওয়েবসাইট, ইউটিউব চ্যানেল এবং ফেসবুক পেইজে দেওয়া হয়েছে। প্রয়োজনে উক্ত বিষয়ে শ্রেণি শিক্ষকের সহায়তা নিন। আপনাদের সবাইকে আসন্ন দিন- আয়হার শুভেচ্ছা। আপনারা সবাই ভালো থাকুন। সুস্থ থাকুন। নিরাপদে থাকুন।

[বিশেষ দ্রষ্টব্য] অনলাইন ক্লাসরুম ও অন্যান্য সার্বিক সহযোগিতার জন্য প্রয়োজনে নিম্ন বর্ণিত নম্বরে যোগাযোগ করুন:

১. এস. এস. একাডেমি রোড ক্যাম্পাস- 01926252464/ 01865040024
২. দক্ষপাড়া ক্যাম্পাস - 01865040003/ 01865040036
৩. কলেজরোড ক্যাম্পাস - 01916034592/ 01865040037

ধন্যবাদাত্তে

অধ্যক্ষ

মোঃ কামরুজ্জামান

তারিখঃ ১৩/০৭/২০২০ইং